



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারী কলেজ, ফেনী  
স্থাপিত: ১৯২২



ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী  
ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯ Email: [fenigovcollege@yahoo.com](mailto:fenigovcollege@yahoo.com)  
Website: [www.fgc.gov.bd](http://www.fgc.gov.bd)

তারিখ : ০৩/১১/২০২৪ খ্রি.

## ‘ফেনী সরকারি কলেজ বিজ্ঞান ক্লাব’ এর উদ্যোগে ১ম বিজ্ঞান অলিম্পিয়াড "QUIRKS 1.0" আয়োজন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ফেনী সরকারি কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘ফেনী সরকারি কলেজ বিজ্ঞান ক্লাব’ এর উদ্যোগে আগামী ১১/১১/২০২৪ খ্রি. তারিখ সোমবার দুপুর ০১:০০ ঘটিকায় বিজ্ঞান ভবনের ১০৯ নং কক্ষে ১ম বিজ্ঞান অলিম্পিয়াড "QUIRKS 1.0" অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতার বিভিন্ন বিষয়ের মানবন্টন নিম্নরূপ :

১. পদার্থবিজ্ঞান ২৫ নম্বর
২. রসায়ন ২৫ নম্বর
৩. জীববিজ্ঞান ৩০ নম্বর (উদ্ভিদবিজ্ঞান-১৫, প্রাণিবিজ্ঞান-১৫)
৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ১০ নম্বর
৫. সাধারণ জ্ঞান ১০ নম্বর


সময় : ১ ঘণ্টা  
পূর্ণমান: ১০০ নম্বর  
প্রশ্নের ধরন: বহুনির্বাচনী




প্রশ্নপত্র একাদশ শ্রেণির শিক্ষার্থীদের সাময়িক পরীক্ষার সিলেবাস অনুযায়ী এবং দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ১ম ও ২য় পত্রের প্রাক নির্বাচনী পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত হবে।

অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নিম্নোক্ত লিংকে <https://qrco.de/fgcsc> প্রবেশ করে বা QR Code scan করে অথবা ‘ফেনী সরকারি কলেজ বিজ্ঞান ক্লাব’ এর দপ্তর সম্পাদক সৈয়দ রিয়াসাত ইসলাম বিহন, মোবাইল নং: ০১৮৯৭৮৫৮৯৭৭ এর সাথে যোগাযোগ করে আগামী ০৯/১১/২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**বি: দ্র :** অংশগ্রহণকালে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা কোনো ধরনের ডিজিটাল ডিভাইস ব্যবহার করা যাবে না।

  
(প্রফেসর মোহাম্মদ এনামুল হক খান্দকার)  
অধ্যক্ষ  
ফেনী সরকারি কলেজ, ফেনী

  
(মোঃ নূরুল আজিম ভূঁইয়া)  
প্রধান উপদেষ্টা  
ফেনী সরকারি কলেজ বিজ্ঞান ক্লাব  
ও  
বিভাগীয় প্রধান  
রসায়ন বিভাগ  
ফেনী সরকারি কলেজ, ফেনী